

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বন অধিদপ্তর  
প্রধান বন সংরক্ষকের কার্মালয়  
বন ভবন, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭  
[www.bforest.gov.bd](http://www.bforest.gov.bd)

অফিস আদেশ নং- ০২/২৮

তারিখ: ২৮/০২/২০২৪ খ্রি.

## অফিস আদেশ

বন অধিদপ্তরের ২০২৩-২৪ আর্থিক সময়ে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর আওতাধীন সংযোজনী-৫ এ বর্ণিত ই-গৰ্জন্যাল ও উত্তোলন কর্মপরিকল্পনার আওতায় ন্যূনতম একটি উত্তোলনী উদ্যোগ বাস্তবায়নের অংশ হিসেবে "সামাজিক বনায়নের স্মার্ট ব্যবস্থাপনা" শীর্ষক উত্তোলনী উদ্যোগটির সফটওয়্যার তৈরী করা হয়। এ সফটওয়্যার ব্যবহারের ফলে সামাজিক বনায়নের মাধ্যমে বাগান সৃজন, কর্তৃন, উপকারভোগীগণসহ বিভিন্ন পক্ষগণের মাঝে লড়াংশ বিভাগ, TFF দ্বারা পুনঃবনায়ন ইত্যাদি কাজের যথাযথভাবে তথ্য সংরক্ষণ ও ব্যবস্থাপনা সহজ হবে, TFF দ্বারা পুনঃবনায়নের কাজে গতিশীলতা আসবে, অব্যয়িত ও অবিতরণকৃত অর্থের ব্যবস্থাপনা সহজ হবে। সার্বিকভাবে এ সফটওয়্যার ব্যবহারের ফলে বন অধিদপ্তরের মাঠপর্যায়ে সামাজিক বনায়ন কার্যক্রমে গতিশীলতা আসবে। সামাজিক বনায়ন কার্যক্রম বাস্তবায়নে মাঠপর্যায়ে পূর্বে যে সময়, অর্থ ও যোগাযোগের প্রয়োজন হতো তা TCV অনুসরণের ফলে বহুল্যাংশে হাস পাবে এবং এতে নাগরিক সেবা দ্রুততর হবে।

ইতোমধ্যে ১৮/১২/২০২৩ খ্রি. তারিখ সকল বন সংরক্ষক, বিভাগীয় বন কর্মকর্তাগণকে নিয়ে রক্ষণ সভাকক্ষে হাইব্রিড মাধ্যমে সফটওয়্যারটি ব্যবহার নিয়ে দিনব্যাপী কর্মশালা আয়োজন করা হয়। সংশ্লিষ্ট সফটওয়্যার প্রত্নতকারী প্রতিষ্ঠান এটি ব্যবহারের উপর হাতেকলমে প্রশিক্ষণ প্রদান করেন।

এমতাবস্থায়, "সামাজিক বনায়নের স্মার্ট ব্যবস্থাপনা" শীর্ষক সফটওয়্যারটি আগনাদের নিয়ন্ত্রনাধীন ঢাকা বন বিভাগে ও ঢাকা সামাজিক বন বিভাগে পাইলট আকারে আগামী ০১ মার্চ/২০২৪ থেকে চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো। প্রয়োজনে এ্যাপস্টির এ্যাডমিন, রিমস ইউনিটের সাথে যোগাযোগ করার জন্য বলা হলো।

চৰকাৰ

(মোঃ আমীর হোসাইন চৌধুরী)

প্রধান বন সংরক্ষক (চাঁদাম)

ফোনঃ ৫৫০০৭১৪২

ই-মেইলঃ [ccf-fd@bforest.gov.bd](mailto:ccf-fd@bforest.gov.bd)

স্মারক নং- ২২.০১.০০০০.০০২.০৮৭.২০২৪. ১২২

তারিখ: ২৮/০২/২০২৪ খ্রি.

অনুলিপি কার্যার্থে (জ্যোতিতার ক্রমানুসারে নথে):

- ১। বিভাগীয় বন কর্মকর্তা, ঢাকা বন বিভাগ, ঢাকা।
- ২। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যোতিতার ক্রমানুসারে নথে):

- ১। উপপ্রধান বন সংরক্ষক (সকল) .....
- ২। বন সংরক্ষক, প্রশাসন, ও অর্থ, বন অধিদপ্তর ও ইনোভেশন অফিসার।
- ৩। বন সংরক্ষক, সামাজিক বন অঞ্চল, ঢাকা/কেন্দ্রীয় অঞ্চল, ঢাকা। উক্ত উত্তোলনী উদ্যোগটি মাঠ পর্যায়ে সফলভাবে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৪। উপবন সংরক্ষক, পরিকল্পনা উইঁ, বনভবন, আগারগাঁও, ঢাকা।
- ৫। উপবন সংরক্ষক, রিমস ইউনিট, বন ভবন, আগারগাঁও, ঢাকা। এ্যাপস্টির এডমিনের দায়িত্ব পালনসহ মাঠ পর্যায়ে বাস্তবায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। বিভাগীয় বন কর্মকর্তা, ঢাকা বন বিভাগ, ঢাকা/সামাজিক বন বিভাগ, ঢাকা। এ্যাপস্টি যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।
- ৭। গার্ড ফাইল।

০১

১২২/০২/২০২৪

(মোঃ আমীর হোসাইন চৌধুরী)

প্রধান বন সংরক্ষক (চাঁদাম)

ফোনঃ ৫৫০০৭১৪২

ই-মেইলঃ [ccf-fd@bforest.gov.bd](mailto:ccf-fd@bforest.gov.bd)